

**REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date:19-08-2024
Time: 07.35-07.40 AM Hrs
BENGALI MORNING BULLETIN**

Maharaja Bir Bikram Kishore Manikya :

আজ আধুনিক ত্রিপুরার রূপকার মহারাজা বীর বিক্রম কিশোর মাণিক্য বাহাদুরের ১১৬তম জন্মজয়ন্তী। শ্রদ্ধার সঙ্গে এই দিনটি সরকারী ও বেসরকারী বিভিন্ন কর্মসূচির মাধ্যমে পালন করা হচ্ছে। রাজ্যে শিক্ষা ব্যবস্থার ক্ষেত্রে তিনি নতুন দিশা দেখিয়েছিলেন। এর পাশপাশি ত্রিপুরার পরিকাঠামোগত উন্নয়নের ক্ষেত্রেও তাঁর অবদান অনস্বীকার্য। তিনি ছিলেন একজন সংস্কৃতি মনস্ক ব্যক্তিত্ব।

Bir Bikram Smriti Puraskar :

বিধায়ক রামপদ জমাতিয়া শিক্ষাক্ষেত্রের বিকাশে ও ত্রিপুরার ঐতিহ্যময় সংস্কৃতি সংরক্ষণের ক্ষেত্রে বিশেষ অবদানের জন্য মহারাজা বীরবিক্রম কিশোর মাণিক্য বাহাদুর স্মৃতি পুরস্কার-২০২৪ পাচ্ছেন। মুখ্যমন্ত্রী প্রফেসর ডঃ মানিক সাহা আজ দুপুরে রবীন্দ্র শতবার্ষিকী ভবনের ২নম্বর হলে মহারাজা বীরবিক্রম কিশোর মাণিক্যের জন্মজয়ন্তী অনুষ্ঠানে বিধায়ক শ্রী জমাতিয়ার হাতে এই পুরস্কার তুলে দেবেন। উল্লেখ্য, ২০২০ সালে ৩৮তম আগরতলা বইমেলায় মহারাজা বীরবিক্রম কিশোর মাণিক্য বাহাদুর স্মৃতি পুরস্কারের সূচনা হয়েছিল। তবে, এ বছর থেকে মহারাজা

বীরবিক্রম কিশোর মাণিক্যের জন্মদিন উপলক্ষে এই পুরস্কার দেওয়া হবে।

MBB Manikya Bahadur at Khumulung :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, আধুনিক ত্রিপুরার রূপকার মহারাজা বীর বিক্রম কিশোর মানিক্য ত্রিপুরা রাজ্যের শিক্ষা ও স্থাপত্য ভাঙ্কর্যের ক্ষেত্রে এক নতুন দিশা দেখিয়েছিলেন। সেই দিশায় এগিয়ে যেতে পারলেই মহারাজের প্রতি যোগ্য সম্মান প্রদর্শন করা হবে। গতকাল দ্য ইনট্যাক ত্রিপুরা চ্যাপ্টার ও ত্রিপুরা উপজাতি এলাকা স্বশাসিত জেলা পরিষদের উদ্যোগে খুমলুঙের নুয়াই অডিটরিয়ামে মহারাজা বীর বিক্রম কিশোর মানিক্য ১১৬তম জন্মবার্ষিকী উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে মহারাজা বীর বিক্রমের নানা দিক নিয়ে প্রদর্শনীর আয়োজন করা হয়। এছাড়া বীর বিক্রমের জীবনী নিয়ে সুভেনিয়র প্রকাশ করা হয়। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন এডিসির মুখ্য নির্বাহী সদস্য পূর্ণচন্দ্র জমাতিয়া, ত্রিপুরা কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য গঙ্গা প্রসাদ প্রসেইন প্রমুখ।

Amarnath Yatra :

এবছরের অমরনাথ যাত্রা আজ শেষ হয়েছে। জম্মু ও কাশ্মীরে প্রতিবছর এই অমরনাথ যাত্রায় ভক্তরা সামিল হন। দেশের বিভিন্ন প্রান্ত থেকে এবছর ৫ লক্ষেরও বেশি পুন্যার্থী অমরনাথ যাত্রায় এবার সামিল হন। ৪৩ দিনব্যাপী এবারের অমরনাথ যাত্রা শুরু হয়েছিল ২৯শে জুন থেকে।

Amit Shah :

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ বলেছেন, নাগরিকত্ব সংশোধনী আইন কোনও ধর্মের নাগরিকত্বের অধিকার কেড়ে নেয় না, বরং এই আইন নাগরিকত্বের পাশাপাশি ভারতে শরণার্থীদের সম্মাণ ও ন্যায়বিচার দেয়। গতকাল আহমেদাবাদে এক অনুষ্ঠানে ১৮৮ জন প্রবাসীকে নাগরিকত্বের শংসাপত্র প্রদানের পর তিনি বক্তব্য রাখছিলেন। শ্রী শাহ, ভোট ব্যাংক এবং তুষ্টির রাজনীতির কারণে হিন্দু এবং অন্যান্য সংখ্যালঘু প্রবাসীদের অবহেলা করার জন্য পূর্ববর্তী কংগ্রেস সরকারের সমালোচনা করেন। তিনি সারা দেশে সিএএ বাস্তবায়নের জন্য মোদী সরকারের প্রতিশ্রুতি পুনর্ব্যক্ত করেন। এর আগে সকালে শ্রী শাহ আহমেদাবাদ পুর নিগমের বিভিন্ন উন্নয়ন প্রকল্পের উদ্বোধন করেন যার মধ্যে রয়েছে অক্সিজেন পার্ক, জিমনেসিয়াম এবং সুইমিং পুল।

World Photography Day :

ত্রিপুরা ফটো জার্নালিস্টস অ্যাসোসিয়েশনের উদ্যোগে আজ থেকে আগরতলা রবীন্দ্র শতবার্ষিকী ভবনে তিনদিন ব্যাপী ফটো প্রদর্শনীর আয়োজন করা হচ্ছে। প্রদর্শনীর উদ্বোধন করবেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা। প্রদর্শনী প্রতিদিন সকাল ১১টা থেকে রাত ৯টা পর্যন্ত সর্বসাধারণের জন্য খোলা থাকবে।

Rakhal Shild :

ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত রাখাল শিল্ড ঘরোয়া নকআউট ফুটবল প্রতিযোগিতার প্রথম কোয়ার্টার ফাইন্যালে আজ বীরেন্দ্র ক্লাব খেলবে লালবাহাদুর ব্যায়ামাগারের বিরুদ্ধে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে সন্ধ্যা ৬টায় নৈশালোকে এই ম্যাচটি হবে।

Khelo India :

শিলংয়ে আয়োজিত খেলো ইন্ডিয়া মহিলা লীগ জুডোর আসরে ত্রিপুরা আরও তিনটি পদক পেলো। ক্যাডেট ৪০ কেজি বিভাগে স্বর্ণপদক জয় করে ইন্দ্রানী দাস। একই বিভাগের উমা বেগম দখল করে রৌপ্য পদক। এছাড়া ৪৪ কেজি বিভাগে আকাঙ্খা ঘোষ দখল করে ব্রোঞ্জ পদক। আসরে দুদিনে ত্রিপুরার দখলে এলো দুটি স্বর্ণ সহ মোট ছয়টি পদক।

Weather :

আগামী ২৪ ঘন্টায় রাজ্যের সিপাহীজলা ও দক্ষিণ জেলার দু এক জায়গায় ভারী থেকে অতি ভারী বৃষ্টিপাতের সর্তকতা জারি করেছে আবহাওয়া দপ্তর। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকবে ৩২ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি। আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৫ ডিগ্রি সেলসিয়াস।
